গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

**আন্তার্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২২ উদযাপন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্য বিবরণী :**

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ মজিবর রহমান<br>জেলা প্রশাসক, সিলেট। |
| সভার স্থান | : জেলা প্রশাসক, সিলেট এর সম্মেলন কক্ষ। |
| সভার তারিখ ও সময় | : ০৪ ডিসেম্বর, ২০২২খ্রি. সকাল ১০.৩০ ঘটিকা। |
| উপস্থিত সদস্যবৃন্দ | : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য। |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি বলেন, আগামী ০৯ ডিসেম্বর ২০২২ তারিখে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস" যথাযথ মর্যাদায় উদযাপন করার জন্য দুর্নীতি দমন কমিশন প্রধান কার্যালয় কর্তৃক মাঠ পর্যায়ের জন্য গৃহীত কর্মসূচি পাওয়া গেছে। কর্মসূচিটি সভায় পাঠ করে শুনানো হয় এবং উক্ত কর্মসূচির আলোকে সিলেট জেলায় আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২২ পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

প্রতিপাদ্য বিষয়: 'দুর্নীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধ বিশ্ব'।

(ক) কর্মসূচী :

| ক্র.নং | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | আয়োজনে/বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | ০৯ ডিসেম্বর ২০২২<br>সকাল ০৯.০০-০৯.৩০ টা | (ক) জাতীয় সংগীত পরিবেশনা<br>(খ) জাতীয় পতাকা ও দুদক পতাকা উত্তোলন<br>(গ) ফেস্টুন-বেলুন উড়ানো<br>(ঘ) দিবস উদ্বোধনের আনুষ্ঠানিক ঘোষণা<br>(ঙ) দুর্নীতি বিরোধী গণস্বাক্ষর সংগ্রহের কার্যক্রম শুরু। | সিলেট জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গন। | জেলা প্রশাসন/উপপরিচালক/জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি/জেলা পর্যায়ের সকল সরকারি/রাষ্ট্রায়ত্ত সংস্থার প্রতিনিধি |
| ০২ | সকাল ০৯.৩০-১০.৩০ টা | (ক)আলোচনা সভা<br>(খ) মানববন্ধন :<br>উপস্থিতি : মাধ্যমিক ও উচ্চ মাধ্যামিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ, দুর্নীতি প্রতিরোধ কমিটির সদস্যবৃন্দ, এনজিও ও সামাজিক সংগঠনসহ নাগরিক সমাজের প্রতিনিধিবৃন্দ, প্রজাতন্ত্রের সকল কর্মকর্তা/কর্মচারীবৃন্দ, সকল শ্রেণী ও পেশার জনসাধারণ। | সিলেট জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গন। | জেলা প্রশাসন/উপপরিচালক/জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি/জেলা পর্যায়ের সকল সরকারি/রাষ্ট্রায়ত্ত সংস্থার প্রতিনিধি |
| ০৩ | -- | শহরের বিভিন্ন পয়েন্টে দুর্নীতি বিরোধী ব্যানার প্রদর্শন ও সমগ্র জেলা ব্যাপী দুর্নীতি বিরোধী বাণী সম্বলিত পোস্টার সাটানো। | সুবিধাজনক স্থানে | জেলা প্রশাসন/উপপরিচালক/জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি/জেলা পর্যায়ের সকল সরকারি/রাষ্ট্রায়ত্ত সংস্থার প্রতিনিধি |
| ০৪ | বিকাল ৫.০০ টা | দুর্নীতি বিরোধী তথ্যচিত্র প্রদর্শন | সুবিধাজনক স্থানে | উপপরিচালক, দুদক, সমন্বিত জেলা কার্যালয়, সিলেট ও উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট। |

খ) আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস ২০২২ পালনের জন্য গৃহীত কর্মসূচি বাস্তবায়নের জন্য নিম্নোক্ত উপকমিটি সমূহ গঠন করা হয়।

আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস ২০২২ বাস্তবায়ন উপকমিটি :

| ক্র: নং | কর্মকর্তা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট। | আহ্বায়ক |
| ২ | উপপরিচালক, দুদক, সমন্বিত জেলা কার্যালয়, সিলেট। | সদস্য |
| ৩ | পুলিশ সুপার এর প্রতিনিধি | সদস্য |
| ৪ | জনাব মোঃ মাহবুবুর রহমান, সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। | সদস্য |
| ৫ | জনাব মোঃ আশরাফ উদ্দিন, সহকারী পরিচালক, দুদক, সমন্বিত জেলা কার্যালয়, সিলেট। | সদস্য |
| ৬ | লেঃ কর্নেল মুনির আহমদ কাদেরী (অবঃ),সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক), সিলেট। | সদস্য |
| ৭ | রোটারিয়ান বেলাল আহমদ, সাধারণ সম্পাদক, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি (দুপ্রক), সিলেট। | সদস্য |
| ৮ | এরিয়া ম্যানেজার, টিআইবি, সিলেট। | সদস্য |
| ৯ | সভাপতি, সনাক, সিলেট। | সদস্য |

আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান উপকমিটি :

| ক্র: নং | কর্মকর্তা | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১ | অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট। | আহ্বায়ক |
| ২ | উপপরিচালক, দুদক, সমন্বিত জেলা কার্যালয়, সিলেট। | সদস্য |
| ৩ | জনাব মোঃ মাহবুবুর রহমান, সিনিয়র সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট। | সদস্য |
| ৪ | জনাব মোঃ আশরাফ উদ্দিন, সহকারী পরিচালক, দুদক, সমন্বিত জেলা কার্যালয়, সিলেট। | সদস্য |
| ৫ | এরিয়া ম্যানেজার, টিআইবি, সিলেট। | সদস্য |
| ৬ | সভাপতি, সনাক, সিলেট। | সদস্য |
| ৭ | জেলা কালচারাল অফিসার, সিলেট। | সদস্য সচিব |

গ) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট ০৯ ডিসেম্বর ২০২২ তারিখে দুর্নীতি দমন কমিশন কর্তৃক গৃহীত মাঠ পর্যায়ের কর্মসূচির অনুসরণে উপজেলা পর্যায়ে আন্তর্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২২ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ঘ) দিবসটি পালনের জন্য কর্মসূচি চলাকালে প্রয়োজনীয় নিরাপত্তা নিশ্চিত করার জন্য পুলিশ কমিশনার, সিলেট মেট্রোপলিটন পুলিশ/পুলিশ সুপার, সিলেটকে অনুরোধ জানানো হয়।

ঙ) জেলা তথ্য অফিস, সিলেট আন্তার্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২২ উদযাপনের জন্য গৃহীত সিলেট জেলার কর্মসূচি ৮ ও ৯ডিসেম্বর সমগ্র জেলা ব্যাপী প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

চ) অনুষ্ঠানস্থলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের ছাত্র-ছাত্রীদের উপস্থিতি নিশ্চিত করার জন্য জেলা শিক্ষা অফিসার, সিলেট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

ছ) অনুষ্ঠানের স্টেজ ও মানববন্ধনের এলাকা পরিষ্কার-পরিচ্ছন্ন করার জন্য মেয়র, সিলেট কর্পোরেশন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

জ) দিবসটি সিলেট জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত হবে।

পরিশেষে ৯ ডিসেম্বর, ২০২২ "আন্তার্জাতিক দুর্নীতি বিরোধী দিবস-২০২২" যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

8/12/2022

মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট।
ফোন :০২৯৯৬৬৩২১৯০
Email: dcsylhet@mopa.gov.bd

স্মারকনং : ০৫.৪৬.৯০০০.০০২.০২.০৩০.২২- ৬২৬ তারিখ : ০৪ ডিসেম্বর, ২০২২খ্রি.।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মহাপরিচালক (প্রতিরোধ), দুর্নীতি দমন কমিশন, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৩. পরিচালক, দুর্নীতি দমন কমিশন, বিভাগীয় কার্যালয়, সিলেট।
৪. পুলিশ সুপার, সিলেট।
৫. সিভিল সার্জন, সিলেট।
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন, সিলেট।
৭. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সিলেট।
৮. উপপরিচালক, দুর্নীতি দমন কমিশন, সমন্বিত জেলা কার্যালয়, সিলেট।
৯. উপ-পরিচালক, ..................................................................অফিস/অধিদপ্তর, সিলেট।
১০. জেলা তথ্য কর্মকর্তা, সিলেট।
১১. জেলা .................................................................. কর্মকর্তা, সিলেট।
১২. উপজেলা নির্বাহী অফিসার ....................................................... (সকল), সিলেট।
১৩. সহকারী কমিশনার ............................................. শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
১৪. জেল সুপার, সিলেট।
১৫. জেলা সংগঠক, বাংলাদেশ শিশু একাডেমি, সিলেট।
১৬. কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, সিলেট জেলা কমান্ড, সিলেট।
১৭. সভাপতি/সম্পাদক, সিলেট জেলা প্রেসক্লাব, সিলেট।
১৮. সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, সিলেট।
১৯. জনাব ..................................................................................................., সিলেট।
২০. অফিস কপি।


মোহাম্মদ মোবারক হোসেন
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
সিলেট।
Email :adcgsylhet@mopa.gov.bd
ফোন : ০২৯৯৬৬৩১০২০